# সাম্প্রতিক কর্ম কান্ড

১। উপজেলার সকল শিক্ষককে বিষয়ভিত্তিকসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, যার মাধ্যমে শিক্ষকগণ পেশাগত দক্ষতা অর্জন এর মাধ্যমে শিখন শেখানোর কার্য ক্রম পরিচালনার সঠিক পদ্ধতি ও বিভিন্ন কৌশল প্রয়োগে দক্ষ হয়েছে।

২। শিক্ষকগণকে বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে পাঠ সংশ্লিষ্ট উপকরণের চাহিদা শনাক্তকরণ, উপকরণ সংগ্রহ, তৈরি , ব্যবহার ও সংরক্ষণে দক্ষ করে গড়ে তোলা হয়েছে।

৩। বিদ্যালয় পরিদর্শনের মাধ্যমে শ্রেণিকক্ষে বিষয়ভিত্তিক ও ডিপিএড প্রশিক্ষণের যাথাযথ বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন হচ্ছে কিনা তা তদারকির মাধ্যমে শিক্ষকদের পেশাগত উন্নতি সাধন করা হয়েছে।

৪। উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ ও অন্যান্য তথ্য সংবলিত ডাটাবেজ তৈরি ও সংরক্ষণ করা হয়েছে।

৫। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের প্রশিক্ষণের মাধ্যমে বিদ্যালয়ের সাথে সমাজ সম্পৃক্ততার মাধ্যমে বিদ্যালয়ের মালিকানাবোধ সৃষ্টি করা হয়েছে।

৬। প্রধান শিক্ষকদের বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে একাডেমিক লিডার তৈরির মাধ্যমে বিদ্যালয় ব্যবস্থাপনা ও শ্রেণি ব্যবস্থাপনায় শিক্ষক যোগ্যতার প্রয়োগ নিশ্চিতকরণে সহায়তা করা হয়েছে।

৭। বিদ্যালয়ের পাক্ষিক সভার মাধ্যমে প্রাপ্ত চাহিদাগুলোকে অগ্রাধিকারের মাধ্যমে বিন্যাস করে চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার লিফলেট তৈরি করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমোদন করে তা বাস্তবায়ন,পর্য বেক্ষণ ও প্রতিবেদন প্রেরণের মাধ্যমে শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধি করা হয়েছে।

৮। বিদ্যালয়গুলোতে টিএসএন কার্য ক্রমের সুষ্ঠু বাস্তবায়নের ফলে শিক্ষকদের পেশাগত দক্ষতার উন্নয়ন এবং শ্রেণিকক্ষে শিখন শেখানো কার্য ক্রম মানোন্নায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

৯। কোভিড -১৯ মহামারিতে অনলাইন শ্রেণিপাঠদানসহ সংসদ টিভিতে পাঠদান, বাংলাদেশ বেতারের এফ.এম রেডিও এবং হোম ওয়ার্ক এর মাধ্যমে পাঠদানে শিশুদের অংশগ্রহণ নিশ্চিতকরণে অত্র ইউআরসির কর্ম কর্তাগণ অবদান রাখছেন।

১০। প্রতিটি পরিদর্শনে বাল্য বিবাহ, শুদ্ধাচার, জঙ্গীবাদ ও সন্ত্রাস বিরোধী কার্য ক্রম বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গে র সহিত মতবিনিময় করা হয়েছে।